# বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

## বিষয়ঃ বার্ষিক প্রতিবেদন - ২০১৮-২০১৯ ।

### ০১. সংক্ষিপ্ত পরিচিতিঃ

- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ নিয়ন্ত্রিত একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালের তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানীর মেসার্স সিমেন্স এ.জি-এর যৌথ উদ্যোগে এই প্রতিষ্ঠানটি খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিক ভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক প্রসারে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর ক্রমবর্ধমান চাহিদা বৃদ্ধির কথা বিবেচনা করে অত্র প্রতিষ্ঠানে একটি অত্যাধুনিক প্রযুক্তির অপটিক্যাল ফাইবার ক্যাবল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা হয় যা বিগত জুলাই-২০১১ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল সংযোগে ব্যবহৃত HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে ২০১৬-২০১৭ অর্থ-বছরে HDPE Silicon Duct তৈরীর প্ল্যান্ট স্থাপন করা হয়েছে।
- উৎপাদন বহুমূখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। প্ল্যান্টটিতে পরীক্ষামূলক উৎপাদন শুরু হয়েছে।
- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা-এর প্রধান ফটকঃ




| | |
|---|---|
| ১.১ প্রতিষ্ঠানের ধরণঃ | পাবলিক লিমিটেড কোম্পানী। |
| ১.২ ভিত্তিপ্রস্তর স্থাপনঃ | ৮ মে, ১৯৬৭ খ্রিঃ। |
| ১.৩ পরীক্ষামূলক উৎপাদনঃ | ১৯৭০ খ্রিঃ। |
| ১.৪ বাণিজ্যিক উৎপাদনঃ | ১০ ফেব্রুয়ারি, ১৯৭২ খ্রিঃ। |
| ১.৫ বার্ষিক উৎপাদন ক্ষমতা- টেলিফোন কপার ক্যাবলঃ | স্থাপিত ক্ষমতাঃ ১.২৫ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ১.০ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার। |

| | |
|---|---|
| অপটিক্যাল ফাইবার ক্যাবলঃ | স্থাপিত ক্ষমতাঃ ১০,০০০ কিলোমিটার।<br>বর্তমান অর্জনযোগ্য ক্ষমতাঃ ৮,০০০ কিলোমিটার। |
| এইচডিপিই সিলিকন ডাক্টঃ | স্থাপিত ক্ষমতা- ২,০০০ কিলোমিটার।<br>অর্জনযোগ্য ক্ষমতাঃ ১,৬০০ কিলোমিটার। |

**১.৬ বাকেশির উৎপাদিত পণ্যসমূহঃ**

| | |
|---|---|
| টেলিফোন কপার ক্যাবলঃ | ২ হতে ২৪০০ জোড়া পর্যন্ত (আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল, এরিয়াল ক্যাবল, ইনষ্টলেশন ক্যাবল, সাবমেরিন ক্যাবল, জাম্পার ওয়্যার, টি.আই.পি ক্যাবল, ড্রপ ওয়্যার ইত্যাদি)। |
| অপটিক্যাল ফাইবার ক্যাবলঃ | ২ হতে ১২ ফাইবার ইউনিটিউব আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল।<br>১২ হতে ২১৬ ফাইবার লুজটিউব স্ট্রান্ডেড আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল। |
| এইচডিপিই সিলিকন ডাক্টঃ | ৩২/২৬ মিমি, ৩৪/২৮ মিমি, ৪০/৩৩ মিমি, ৫০/৪২ মিমি ও ৬৩/৫২ মিমি ব্যাসের ডাক্ট। |

**১.৭ শেয়ার ব্যবস্থাঃ**

(ক) অনুমোদিত মুলধন ২০০০০ লক্ষ টাকা।

(খ) ইস্যুকৃত মুলধন ৮০২.৬৪ লক্ষ টাকা।

(গ) মোট শেয়ার সংখ্যা ২০,০০,০০,০০০

(সাধারণ - ২০,০০,০০,০০০ + অগ্রাধিকার - ০)

(ঘ) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,২৬,৪৩৩

(সাধারণ-৮০,২৬,৪৩৩ + অগ্রাধিকার-০)

(ঙ) প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা।

## ০২. বাকেশি ভিশন ও মিশনঃ

**ভিশন-** ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

**মিশন** - অপটিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধিকরণসহ ক্যাবল লেইং-এর কাজে অপরিহার্য এইচডিপিই সিলিকন ডাক্ট তৈরী করে ক্রেতাকে যথাসময়ে সরবরাহ করা এবং আমদানি নির্ভরতা কমিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা।

এছাড়া, দেশে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে বাকেশিতে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল এবং বেয়ার/ইনসুলেটেড ওয়্যার ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা এবং বেকারত্ব দূরীকরণে সহায়তা করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করা ।

## ০৩. বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন/অগ্রগতি সংক্রান্ত তথ্যাদিঃ

- বর্তমান সরকারের রূপকল্প ২০২১ (Vision-2021) বাস্তবায়নে দেশীয় টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির সম্প্রসারণের গুরুত্ব অপরিহার্য থাকায় বাংলাদেশ ক্যাবল শিল্প (বাকেশি) লিমিটেড স্বাধীনতার পর থেকে দেশের টেলিযোগাযোগ অবকাঠামো স্থাপনে যাবতীয় টেলিফোন কপার ক্যাবলের চাহিদা ১০০% পূরণের পাশাপাশি বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় দ্রুতগতি ও উচ্চক্ষমতা সম্পন্ন ইনফরমেশন সুপার হাইওয়ের মূল মাধ্যম **''অপটিক্যাল ফাইবার ক্যাবল''** বাণিজ্যিকভাবে জুলাই, ২০১১ থেকে উৎপাদন করে আসছে। ইতোমধ্যে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দেশীয় তথ্য-প্রযুক্তির অবকাঠামো উন্নয়নে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে।
- বিটিসিএল-এর বিভিন্ন অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্পসহ আইসিটি বিভাগের অধীনে ৭৭২টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক প্রকল্পসহ অন্যান্য সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের ব্যাপক চাহিদা পূরণে প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে ইতোমধ্যে ৩টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল লেইং-এর জন্য অপরিহার্য HDPE Silicon Duct প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য আরও ১টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে।
- বাকেশি'র সক্ষমতা ও ক্রেতার চাহিদা অনুযায়ী টেলিযোগাযোগ কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট পাইপ সন্তোজনকভাবে সরবরাহ হওয়ায় আর্থিক ও ব্যবসায়িক দিক দিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ঘটেছে।

## ০৪. বাকেশির মিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রমঃ

- ২০১৮-১৯ অর্থ বছরের জন্য বাকেশিতে টেলিফোন কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্টের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় যথাক্রমে ৫০,০০০ কন্ডাক্টর কিলোমিটার, ৭,০০০ কিলোমিটার ও ১২৫০ কিলোমিটার যার বিপরীতে উৎপাদন হয়েছে যথাক্রমে ৩৫,৯৪৭ কন্ডাক্টর কিলোমিটার; ৫,১৬০ কিলোমিটার ও ১,২৬২ কিলোমিটার।

- বিটিসিএল-এর **জিএম(ট্রান্সমিশন)** এর অধীন ২০১৮-১৯ অর্থবছরে ১৩০০ কিঃমিঃ অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ১১৮০ কিঃমিঃ ডাক্ট পাইপের ক্রয়াদেশ পাওয়া যায় যার মূল্য প্রায় ১৯.৮৩ কোটি টাকা।
- বিটিসিএল-এর MOTN প্রকল্প হতে ৫০,৭০০ কন্ডাক্টর কিলোমিটার টেলিযোগাযোগ কপার ক্যাবলের ক্রয়াদেশ পাওয়া গেছে যার মূল্য ১৪.৬৭ কোটি টাকা।
- বাংলাদেশ রেলওয়ে হতে ৬০০ কিলোমিটার অপটিক্যাল ফাইবার ক্যাবল ও ৫৮৫ কিলোমিটার এইচডিপিই সিলিকন ডাক্ট পাইপের ক্রয়াদেশ পাওয়া যায় যার মূল্য প্রায় ১৭ কোটি টাকা।

- আইসিটি বিভাগে অধীনে বাস্তবায়নাধীন ৭৭২টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক প্রকল্পে প্রয়োজনীয় ৮,০০০ কিলোমিটার ক্যাবল ও সমপরিমাণ ডাক্ট পাইপের ক্রয়াদেশ প্রাপ্তির জন্য সক্রিয় যোগাযোগ অব্যাহত আছে।।

- অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট-এর বাজারজাতকরণ আরও গতিশীল করতে দেশীয় ব্যবহারকারীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় বিটিসিএল, পিজিসিবি, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও বেসরকারী প্রতিষ্ঠান মেসার্স সামিট কম্যুনিকেশন, ফাইবার এট হোম লিঃ, ব্রাদার্স কনষ্ট্রাকশন, হামিদা ট্রেডার্স, গ্রামীণফোন, সিটিসেল, কমনওয়েলথ এসোসিয়েটস, বিএসআরএম, ওয়েব লিংক কমুনিকেশন্স, আমরা নেটওয়ার্ক, সিলেট কেবল সিস্টেম, আইএসএন লিঃ,মেসার্স এআরএ টেকনোলজিস্, ফোন্স বিডি লিমিটেড, মেসার্স রাসা ট্রেডার্স, আই-অটোমেশন, মেসার্স খুলনা ভিশন, ও অন্যান্য আই.এস.পি-র চাহিদার ভিত্তিতে ক্যাবল সরবরাহ করা হচ্ছে।

- বাকেশির APA, নৈতিকতা ও শুদ্ধাচার কৌশল এবং ইনোভেশনসহ বিভিন্ন প্রশিক্ষণ কর্মকান্ডের বাস্তবায়ন সম্পর্কিত সক্রিয় কার্যক্রম চলমান রয়েছে।

## ০৫. সাম্প্রতিক বছরগুলোতে আয়-ব্যয়ের হিসাব (কোটি টাকায়):

| ক্রমিক নং | অর্থ বৎসর | মোট আয় | মোট ব্যয় | নীট লাভ (কর বাদে) |
|---|---|---|---|---|
| ১ | ২০১৪-২০১৫ | ৬৪.৪৫ | ৫১.৮৬ | ১২.৫৯ |
| ২ | ২০১৫-২০১৬ | ১০৪.১২ | ৭৮.৭৪ | ২৫.৩৮ |
| ৩ | ২০১৬-২০১৭ | ১৩১.৮৩ | ১০০.৮২ | ৩১.০১ |
| ৪ | ২০১৭-২০১৮ | ৮৬.৬৭ | ৭০.০৮ | ১৭.২৪ |
| ৫ | ২০১৮-২০১৯ (প্রভিশনাল) | ৬৩.০১ | ৫০.৯২ | ১২.০৯ |

## ০৬. প্রতিষ্ঠানের জনবল কাঠামোঃ

| ক্রমিক নং | পদের ধরণ | অনুমোদিত পদ | কর্মরত | শূণ্য পদ |
|---|---|---|---|---|
| ১ | কর্মকর্তা | ৬৯ | ৩৮ | ৩১ |
| ২ | শ্রমিক/কর্মচারী | ৩৫২ | ২৩৯ | ১১৩ |
| ৩ | মোট | ৪২১ | ২৭৭ | ১৪৪ |

## ০৭. নতুন কর্মসংস্থান সৃষ্টিঃ

- প্রতিষ্ঠানের জনবল চাহিদা পূরণে ১১ জন কর্মকর্তা/প্রকৌশলী ও ৩ জন কর্মচারীর স্থায়ী নিয়োগ প্রদান করা হয়েছে।
- এছাড়াও, জনবল শুন্যতা পূরণে ১১ জন আউটসোর্সিং কর্মী নিয়োগ করা হয়েছে।

## ০৮. সরকারী কোষাগারে রাজস্ব প্রদানঃ

- ২০১৮-১৯ অর্থবছরে সরকারী কোষাগারে শুল্ক, ভ্যাট, আয়কর ইত্যাদি খাতে সর্বমোট প্রায় **১৫.৮৪ কোটি** টাকা জমা দেওয়া হয়েছে।

## ০৯. উৎপাদন বহুমুখীকরণঃ

### ০৯.১ অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন প্ল্যান্টঃ

- ২০১০ সালে প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীর প্ল্যান্ট স্থাপনের পর এর উৎপাদিত ক্যাবলের মাধ্যমে দেশীয় সরকারী-বেসরকারী টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। একই সাথে বাকেশির আর্থিক ও ব্যবসায়িক ক্ষেত্রেও উল্লেখযোগ্য উন্নয়ন ঘটেছে।
- চাহিদার সাথে সমন্বয় করে এই প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন পরিচালনার সুবিধার্থে ইতোমধ্যে ১টি সিথিং লাইন মেশিন, ১টি সেকেন্ডারী কোটিং লাইন মেশিন ও ১টি এস-জেড স্ট্র্যান্ডিং লাইন মেশিন সংযোজন করা হয়েছে।

### ০৯.২ HDPE Silicon Core Duct উৎপাদন প্ল্যান্টঃ

- দেশীয় সরকারি-বেসরকারি প্রকল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর সমপরিমাণ HDPE Silicon Duct এর চাহিদা রয়েছে। এই চাহিদা বিবেচনা করে বাকেশিতে অত্যাধুনিক HDPE Silicon Duct উৎপাদন প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যা বিগত সেপ্টেম্বর, ২০১৬ হতে বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে।
- HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদা বিবেচনায় HDPE Silicon Duct তৈরীর প্লান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরে প্রায় ১.৫০ কোটি টাকা ব্যয়ে আরও ১(এক)টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে।
- উৎপাদিত Duct দিয়ে বিটিসিএল সহ অন্যান্য প্রতিষ্ঠানের অধিকাংশ চাহিদা পূরণে অবদান রাখা সম্ভব হবে। এতে বিদেশ হতে আমদানী নির্ভরতা কিছুটা হলেও কমবে এবং বৈদেশিক মূদ্রা সাশ্রয় হবে।

### ০৯.৩ বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার উৎপাদন প্ল্যান্টঃ

- প্রতিষ্ঠানের উৎপাদন বহুমূখীকরণে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। পরীক্ষামূলক উৎপাদন কার্যক্রমও শেষ পর্যায়ে রয়েছে। সেপ্টেম্বর, ২০১৯ হতে বাণিজ্যিক উৎপাদন শুরু হবে।
- এই প্ল্যান্ট হতে বাৎসরিক ২,৪০০ মেট্রিক টন পণ্য উৎপাদন করা সম্ভব হবে।
- প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের বৈদ্যুতিক সেক্টরের অবকাঠামো উন্নয়নে অবদান রেখে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের মাধ্যেমে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে অবদান রাখতে পারবে।

## ১০. ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

বর্তমান সরকারের প্রতিশ্রুতি মোতাবেক উপরোক্ত যুগান্তকারী পদক্ষেপের পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনের সহায়ক হিসেবে কাজ করা ও প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় রাখতে নিম্নলিখিত কর্মপরিকল্পনা হাতে নেয়া হয়েছেঃ

- ডাক্ট পাইপ উৎপাদন প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য ১টি নতুন মেশিন স্থাপন।
- ৪-১২ কোরের অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীর জন্য উচ্চগতির ১টি সিথিং লাইন মেশিন স্থাপন।
- FTTH এর জন্য ড্রপ ফাইবার ক্যাবল তৈরীর প্ল্যান্ট স্থাপনসহ Pigtail ও Patch Cord তৈরীর জন্য প্রয়োজনীয় মেশিনারীজ ও যন্ত্রপাতি স্থাপন।
- বিদ্যুৎ সেক্টর ও বিভিন্ন যন্ত্রপাতিতে বহুল ব্যবহৃত সুপার এনামেলড্ কপার ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ।

## ১১. বাকেশির কার্যক্রমের উল্লেখযোগ্য সচিত্র প্রতিবেদনঃ

- বিগত মার্চ, ২০১৯ মাসে HDPE Silicon Duct উৎপাদন প্লান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য ১টি নতুন HDPE Silicon Duct উৎপাদন মেশিন সংযোজন করা হয় এবং প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা ১,২০০ কিলোমিটার হতে বৃদ্ধি ২,০০০ কিলাএামিটারে উন্নীত হয়েছে।

  <u>নতুন ডাক্ট মেশিনের চিত্র নিম্নরূপঃ</u>





- বিগত জুন, ২০১৯ মাসে বাকেশি'র নতুন পণ্য হিসেবে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার উৎপাদনের জন্য কারখানা ভবন নির্মাণ কাজ শেষে মেশিনারীজ স্থাপনের কাজ শুরু হয় যার চিত্র নিম্নরূপঃ







## ১২. প্রতিবেদনে অন্তর্ভূক্তির জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যঃ

- বর্তমান সরকার-এর সময়কালে প্রতিষ্ঠানের অবকাঠামোগত উল্লেখযোগ্য উন্নয়ণসহ কারখানার অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহ সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।
- অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্প্রসারণে দেশীয় পণ্য HDPE Silicon Duct সরবরাহের সূচনা তৈরী হয়েছে এবং ভবিষ্যতে চাহিদার সাথে সমন্বয় রেখে সরবরাহ বৃদ্ধি করা হবে।
- বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনস্যুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন প্রকল্পটি বাকেশির জন্য একটি মাইলফলক। এই প্রকল্পটি ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব সুদৃঢ় করবে এবং জাতীয় অবদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হবে।
- ২০১৮-১৯ অর্থবছরে চলমান কার্যক্রমসহ ভবিষ্যত কর্মপরিকল্পনার কার্যক্রম সম্পাদিত হলে প্রতিষ্ঠানের স্থায়ীত্ব দৃঢ় হবে এবং টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির নেটওয়ার্ক সম্প্রসারণে উল্লেখযোগ্য অবদান রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখা সম্ভব হবে।

**স্বাক্ষরিত/-**
**তারিখঃ ২১-০৭-২০১৯।**

**(জগদীশ চন্দ্র মন্ডল)**
**ব্যবস্থাপনা পরিচালক।**